

**এসএসসি ও দাখিল
পরীক্ষা শুরু ও
ফেব্রুয়ারি
ধর্মঘট স্থগিত করেছে শিক্ষক
কর্মচারী ঐক্যজোট**

□ স্টাফ রিপোর্টার
আগামী ৩ ফেব্রুয়ারি জোববার থেকে চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষা ২০১৩ শুরু হতে যাচ্ছে। প্রথম দিনে আর্থশিক বাংলা প্রথম পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে। সকাল ১০টা থেকে শুরু হয়ে দুপুর ১টায় পরীক্ষা শেষ হবে। লিখিত পরীক্ষা চলাবে ৫ মার্চ পর্যন্ত। এরপর সবগুলো বিভাগের ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার বিষয়ে শিক্ষামন্ত্রী মুহাম্মদ ইসলাম নাইদ আজ শিক্ষামন্ত্রণালয়ের সভাকক্ষে সংবাদ **৩৫ ক ১৩**

এসএসসি ও দাখিল পরীক্ষা

১১-এর পূর্বের পর
সম্মেলন করে পরীক্ষার প্রকৃতি সম্পর্কে বিস্তারিত তথ্য সাংবাদিকদের কাছে তুলে ধরবেন। এদিকে একাত্তর এসএসসি পরীক্ষায় ১০ লাখেরও বেশি শিক্ষার্থী অংশ নিতে চায় বলে জানা গেছে। আর সময়ানের দাখিল ও এসএসসি (ডোকুমেন্ট) পরীক্ষাসহ সার্বভৌম ফোর্ট পরীক্ষার্থীর সংখ্যা ১৪ লাখের বেশি।
শিক্ষাবোর্ডের তথ্যানুযায়ী এসএসসি পরীক্ষায় গতবারের মত এবারও ছাত্রদের তুলনায় ছাত্রীর সংখ্যা অনেক বেশি। এসএসসি ও সমমানের পরীক্ষায় পেনের ইতিহাসে এবারই সর্বোচ্চ সংখ্যক পরীক্ষার্থী বলে জানা যায়। ২০১০ সালে পেনে প্রথমবারের মতো চালু হতেছিল জুনিয়র কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা। এ পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা এই এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে। অতিরিক্ত প্রশ্নপত্র সূত্রনগীল পদ্ধতিতে ২১টি বিষয়ে সারা দেশে একযোগে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। পাঁচটি বিষয়ের পরীক্ষা হবে অলাদা হাতে। এ বিষয়গুলো হলো হচ্ছে বাংলা দ্বিতীয় পত্র, ইংরেজি প্রথম ও দ্বিতীয় পত্র, সাধারণ গণিত ও উচ্চতর গণিত। বিদেশের সাতটি কেন্দ্রে পরীক্ষা নেয়ার জন্য এরই মধ্যে প্রস্তুতি পাঠানো হয়েছে। প্রতিবছরী পরীক্ষার্থীদের জন্য নির্দিষ্ট সময়ের চেয়ে বেশি ২০ মিনিট দেয়া হচ্ছে। এছাড়াও দুটি প্রতিবছরী ছাড়াও অন্য প্রতিবছরীদের (যাদের হাত নেই বা হাত নিয়ে লিখতে পারে না) জন্য ক্রটি লেখক রাখা যাবে।
পূর্ব ঘোষণা অনুযায়ী ১ ফেব্রুয়ারি পরীক্ষা শুরু হওয়ার কথা থাকলেও ১ ও ২ ফেব্রুয়ারি শুক্র ও শনিবার হওয়ার এ বছর ৩ ফেব্রুয়ারি থেকে পরীক্ষা শুরু হবে। ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.dhakaeducationboard.gov.bd) পরীক্ষার সময়সূচি পাওয়া যাবে।

এসএসসি-দাখিল পরীক্ষা : ৩০ জানুয়ারি থেকে ধর্মঘট স্থগিত করেছে শিক্ষক-কর্মচারী ঐক্যজোট
এসএসসি ও দাখিল পরীক্ষার কারণে ৩০ জানুয়ারি থেকে ধর্মঘট স্থগিত করেছে শিক্ষক-কর্মচারী ঐক্যজোট। গতকাল (৩১ জানুয়ারি) শিক্ষক-কর্মচারী ঐক্যজোট নির্বাহী কমিটির সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সংগঠনের মুহাম্মদপুরস্থ আস্থায়ী কার্যালয়ে চেয়ারম্যান সাব্বিক এমসি অধ্যক্ষ সুর আফজোল বেগম জোড়ির সভাপতিত্বে এ সভা হয়। সভায় সিদ্ধান্ত হয়, ১২ জানুয়ারি থেকে শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের ডাকে সার্বভৌম বেঙ্গলব্রি ফুল, কলেজ, মাধবপুরা ও কাবিগরি শিক্ষক-কর্মচারীরা ধর্মঘট চলিয়ে আসবে। তিন ও ফেব্রুয়ারি থেকে এসএসসি ও দাখিল পরীক্ষা শুরু বিষয়টি বিবেচনায় এনে ৩০ জানুয়ারি থেকে ধর্মঘট স্থগিত থাকবে। এর পরিবর্তে পুরো ফেব্রুয়ারি মাস অভিজয়ক, সূর্যসি মহালা ও রাজনীতিবিদদের মত মতবিনিময়, ১০ মার্চ জেলায় মানববন্ধন, ১১ মার্চ থেকে ২০ মার্চ এমসিদের কাছে স্বতন্ত্রকমিটি প্রদান করা হবে। ২১ মার্চের মধ্যে জাতীয়তাবাদের ঘোষণা না দিলে ৩০ মার্চ ঢাকায় প্রতিনিষি সমাবেশে পরবর্তী কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে।
সভায় বক্তব্য রাখেন- জোটের মহাসচিব মুহাম্মদ জাহাঙ্গীর খান, জোট নেতা অধ্যক্ষ মুহাম্মদ ইউনুস মোস্তা, মো. জয়নাল আবেদীন, মো. আব্দুল হামিদ সরকার, অলাহুজ্জ হকলান শোহরার হোসেন, অধ্যক্ষ জেফারুল হোসেন আব্বাস, প্রফেসর গোলাম রসূল সানি, প্রফেসর আব্দুল ইসলাম, অধ্যক্ষ মওলানা মাসুদ বিল্লাহ, আব্দুল হুসেন মো. খুরশীদ আলম, মো. বাজির উদ্দিন, শেখ মো. সিরাজ উদ্দিন, মো. জাতির হোসেন প্রমুখ।